JAN. 29 2001
তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ২

# পাঠ্যবই সংকট : জেলায় জেলায় বিক্ষোভ
# পটুয়াখালীতে দোকানির সঙ্গে হাতাহাতি

যুগান্তর ডেস্ক

প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের পাঠ্যবই কেলেঙ্কারির প্রতিবাদ এবং বই সরবরাহের দাবিতে গতকাল রোববার বিভিন্ন জেলায় ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল করেছে। রংপুর, পাবনা, ঝিনাইদহ ও সুনামগঞ্জে বিক্ষোভ মিছিল শেষে ছাত্রছাত্রীরা জেলা প্রশাসক ও শিক্ষা অফিসারের কাছে স্মারকলিপি পেশ করেছে। বইয়ের অভাবে শিক্ষকরা স্কুলগুলোতে ক্লাস শুরু করতে পারছেন না। ছাত্র-শিক্ষক-অভিভাবকদের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠা বাড়ছেই। তারা বই কেলেঙ্কারির সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন। কোন কোন জেলায় প্রয়োজনের তুলনায় অতিনগণ্য পরিমাণ বই পৌঁছেছে। তাও আবার অধিকাংশই পুরনো। শুধু প্রচ্ছদ পৃষ্ঠা নতুন। এগুলোই বিক্রি হচ্ছে অত্যন্ত চড়াদামে। অনেক দোকানে বোর্ডের বইয়ের সঙ্গে নিম্নমানের নোটবই গছিয়ে দেয়া হয়েছে। এ নিয়ে অভিভাবক ও দোকানিদের মধ্যে অপ্রীতিকর ঘটনাও ঘটছে।

যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর–

**শাহজাদপুর** : স্থানীয় দোকানিরা জানান, তারা যে কয়েক সেট বই পেয়েছেন সেগুলোর শুধু মলাট নতুন– ভেতরের অংশ পুরনো। এগুলোই তাদের কিনতে হচ্ছে বইয়ের গায়ে লেখা দামে। তাই তারা বেশি দামে বিক্রি করতে বাধ্য হচ্ছেন।

**মৌলভীবাজার** : জেলার বই দোকানিরা জানান, দু-এক সেট বই তারা পেলেও মুহূর্তে শেষ হয়ে গেছে। পরবর্তী চালান কবে আসবে সে শংকায় আছেন তারা।

**ঝিনাইদহ** : গতকাল বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা শহরে বিক্ষোভ মিছিল শেষে জেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঘেরাও করে। এ পর্যন্ত জেলার কোন লাইব্রেরিতে পৌঁছেনি। কয়েকটি প্রতিষ্ঠান পাশের জেলাগুলোয় কিছু বই সরবরাহ করলেও ঝিনাইদহ জেলার সঙ্গে বিমাতাসুলভ আচরণ করছে বলে ব্যবসায়ীরা অভিযোগ করেছেন।

**টাঙ্গাইল** : জেলার মির্জাপুর, সখীপুর, বাসাইল, নাগরপুর, কালিহাতী, ঘাটাইল, ভুয়াপুর, গোপালপুর, মধুপুর এবং ধনবাড়ি– এই ১০টি উপজেলায় গত ৬ দিন ধরে বোর্ডের বইয়ের জন্য হাহাকার চলছে। এসব উপজেলার বইয়ের দোকানিরা টাঙ্গাইলের এজেন্টের কাছ থেকে বই পেয়ে থাকেন। কিন্তু টাঙ্গাইলে একমাত্র বাবুল লাইব্রেরি ছাড়া অন্য কোথাও বই আসেনি। এই লাইব্রেরি ৩/৪ দিন ঘোরাঘুরি করে ঢাকা থেকে মাত্র ৫০০ সেট বই আনতে সক্ষম হয়েছে। অবশ্য অন্য যে দুটি এজেন্ট রয়েছে তারা এর আগে ৩০০ সেট করে বই এনেছিল। প্রাথমিক বিদ্যালয়গুলোতেও এ পর্যন্ত প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণী এ দুটি শ্রেণীর বই এসেছে। এর মধ্যে উভয় শ্রেণীর গণিত বই আসেনি বলে প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে।

**মানিকগঞ্জ** : জেলায় নোটবই ছাড়া বোর্ডের বই বিক্রি হচ্ছে না। ৭০ হাজার ছাত্রছাত্রীর জন্য মাত্র ৩ হাজার ৭৫০টি বই এসেছে। জেলায় ৪টি লাইব্রেরি পুস্তকের এজেন্ট হয়ে বই সরবরাহ করার কথা। তার, ৬০ আইটেমের বই প্রকাশের কথা

পাঠ্য : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

## পাঠ্য : বই সংকট

(৩য় পৃষ্ঠার পর)

থাকলেও এ পর্যন্ত মাত্র ১৪টি আইটেমের বই প্রকাশ করেছে। এর মধ্যে মানিকগঞ্জে মাত্র ৮টি আইটেমের বই এসেছে। থানা পর্যায়ে বই পাওয়া যাচ্ছে না। যাও পাওয়া যাচ্ছে তার সঙ্গে নোটবই বাধ্যতামূলক কিনতে হচ্ছে। বাজারে বোর্ডের বই-সংকট থাকলেও সব বিষয়ের সব শ্রেণীর নিম্নমানের নোটবই পাওয়া যাচ্ছে।

**সুনামগঞ্জ** : জেলা শহরের সবকটি স্কুলের ছাত্ররা গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। জেলা ছাত্র ইউনিয়নের নেতৃত্বে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিল করে জেলা প্রশাসকের কাছে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছে। ছাত্র সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়ন সভাপতি এনাম আহমদ, সাধারণ সম্পাদক খলিল রহমান, জাহাঙ্গীর আলম, অরুণাভ দাস সন্দীপ, ইকবাল খান, মাসুম এবং স্কুলছাত্র মিনহাজ আহমদ তুষার, আশরাফুল ইসলাম শিপু, মহির উদ্দিন প্রমুখ।

**পটুয়াখালী** : জেলার বইয়ের চাহিদা ৬ লাখ ৫৬ হাজার ১০২টি কিন্তু এ পর্যন্ত মাত্র ৫৫ হাজার ৮০০ বই পৌঁছেছে। অনেক স্কুলে ছাত্র-শিক্ষকরা শুধু যাওয়া-আসা করছে। এখানে কোন ডিলার নিয়োগ

**নারায়ণগঞ্জ** : জেলা পুস্তক প্রকাশক ও ব্যবসা সমিতি জেলা প্রশাসকের মাধ্যমে বৈধ ব্যবসায়ীদের পাঠ্যবই সরবরাহের দা জানিয়েছেন। সমিতির সভাপতি আনোয়ারু ফেরদৌস এক বিবৃতিতে বলেন, বৈ ব্যবসায়ীরা ন্যায্যমূল্যে বই বিক্রি করলে কো সমস্যা থাকবে না।